গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অর্থ মন্ত্রণালয়
অর্থনৈতিক সম্পর্ক বিভাগ
ইনোভেশন টিম

বিষয়ঃ ইনোভেশন টিমের ২২/০১/২০১৯ তারিখের সভার কার্যবিবরণী

সভাপতিঃ মিজ সুলতানা আফরোজ, চিফ ইনোভেশন অফিসার ও জাতিসংঘ অনুবিভাগ প্রধান (অতিরিক্ত সচিব)
সভার তারিখঃ ২২ জানুয়ারি ২০১৯
সভার সময়ঃ বেলা ২:০০ টা
স্থানঃ ব্লক নং ০৭, রুম নং-১৫ (কনফারেন্স রুম, জাতিসংঘ অনুবিভাগ), ইআরডি
উপস্থিতিঃ সংযোজনী-ক

অর্থনৈতিক সম্পর্ক বিভাগের ইনোভেশন টিমের সভা চিফ ইনোভেশন অফিসার ও অতিরিক্ত সচিব মিজ সুলতানা আফরোজ এর সভাপতিত্বে গত ২২ জানুয়ারি ২০১৯ তারিখে অনুষ্ঠিত হয়। সভাপতি গত সভায় গঠিত তিনটি উপকমিটির প্রতিবেদন যথাসময়ে পাওয়ায় সন্তোষ প্রকাশ করেন এবং সংশ্লিষ্ট সকলকে ধন্যবাদ জানান। অতঃপর এ বিভাগের সিনিয়র সিস্টেমস এনালিস্ট জনাব মোঃ আবদুস ছোবহানকে বার্ষিক উদ্ভাবন কর্মপরিকল্পনা ২০১৮-২০১৯ বাস্তবায়ন অগ্রগতি ও বিগত সভার সিদ্ধান্ত বাস্তবায়ন অগ্রগতি উপস্থাপন করার জন্য অনুরোধ করেন। উদ্ভাবন কর্মপরিকল্পনা ২০১৮-২০১৯ বাস্তবায়ন অগ্রগতি ও সিদ্ধান্তসমূহ নিম্নরূপঃ

| ক্র.ন. | আলোচনার বিষয় | দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (যে কর্মকর্তার নেতৃত্বে সম্পাদিত হবে তাঁর নাম ও পদবি) | বর্তমান অবস্থা ও সিদ্ধান্তসমূহ |
|---|---|---|---|
| ১ | এনআরবি পোর্টাল তৈরি ও ডাটাবেজ তৈরি | সালেহা বিনতে সিরাজ, উপসচিব, জাতিসংঘ-৪ অধিশাখা | এনআরবি পোর্টালে প্রয়োজনীয় তথ্য সংযোজন ও বিয়োজন করে চিফ ইনোভেশন অফিসারের নিকট উপস্থাপন করতে হবে। |
| ২ | এনডিএ সেক্রেটারিয়েট এর জন্য ওয়েব পোর্টাল ও ডাটাবেজ তৈরি | নূর আহমদ, উপসচিব, জাতিসংঘ-৫ অধিশাখা | ইতোমধ্যে, বর্ণিত ওয়েবসাইটটি তথ্য/উপাত্ত/ছবি সংযোজন পূর্বক হালনাগাদ করে সভায় উপস্থাপন করা হয়েছে। প্রয়োজনের নিরিখে এর হালনাগাদ কার্যক্রম অব্যাহত রাখতে হবে। |
| ৩ | ইআরডির জন্য এ্যাপস চালু করা | মোঃ রুহুল আমিন, যুগ্মসচিব, ফাবা-১ অধিশাখা | এ্যাপস কমিটি'র সুপারিশ অনুসারে ICTD কে চিঠি দেয়া হয়েছে। |
| ৪ | ইআরডিতে গ্রীণ ইনোভেশন বাস্তবায়ন | জাহিদ হোসেন মুন্সী, যুগ্মসচিব, প্রশাসন অধিশাখা | গ্রীন কমিটির প্রতিবেদন অনুসারে সুপারিশ বাস্তবায়নের জন্য প্রশাসন অধিশাখাকে চিঠি দিতে হবে। |
| ৫ | স্থায়ী কর্মকর্তা/ কর্মচারির ব্লাডগ্রুপসহ পেনশনের তালিকা প্রকাশ (ডাটাবেজ) | মোঃ আবদুস ছোবহান, সদস্য সচিব, ইনোভেশন টিম ও সিনিয়র সিস্টেমস এনালিস্ট | ফেব্রুয়ারি/২০১৯ মাসের মধ্যে ডাটাবেজ তৈরি করে ওয়েবসাইট আপডেট করতে হবে। |

| ক্র.ন. | আলোচনার বিষয় | দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (যে কর্মকর্তার নেতৃত্বে সম্পাদিত হবে তাঁর নাম ও পদবি) | বর্তমান অবস্থা ও সিদ্ধান্তসমূহ |
|---|---|---|---|
| ৬ | মোবাইল মেসেজ গ্রুপ তৈরি এবং প্যাকেজ ক্রয় | মোঃ আবদুস ছোবহান, সদস্য সচিব, ইনোভেশন টিম ও সিনিয়র সিস্টেমস এনালিস্ট | ফেব্রয়ারি/২০১৯ মাসের মধ্যে কাজটি সম্পন্ন করতে হবে। |
| ৭ | রুমে রুমে বিদ্যুৎ ব্যবহার | জাহিদ হোসেন মুন্সী, যুগ্মসচিব, প্রশাসন অধিশাখা | সকল কর্মকর্তা/কর্মচারিকে অবহিত করার জন্য প্রশাসন অধিশাখাকে পত্র দিতে হবে। |
| ৮ | উদ্ভাবন সক্ষমতা বৃদ্ধির লক্ষ্যে একদিনের ওরিয়েনটেশন/কর্মশালা / সেমিনার | ১) আবদুল বাকী, সদস্য ইনোভেশন টিম ও যুগ্মসচিব, জাপান অধিশাখা এবং<br>২) নুসরাত নোমান, সদস্য ইনোভেশন টিম ও জাতিসংঘ-৩ অধিশাখা | ২৬, ২৭ ও ২৮ ডিসেম্বর ২০১৮ তারিখে ইআরডি'র প্রথম শ্রেণীর কর্মকর্তাদের নিয়ে তিনটি কর্মশালা সম্পন্ন হয়েছে। উক্ত কর্মশালায় অংশগ্রহণকারীদের ৫টি টিমের জন্য ৫জন মেন্টর নিয়োগ নিয়োগ দিতে হবে। উদ্ভাবিত কর্মপন্থাগুলো KMC তে উপস্থাপন করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। |
| ৯ | উদ্ভাবন সক্ষমতা বৃদ্ধির লক্ষ্যে ০২ দিনের প্রশিক্ষণ আয়োজন | মোঃ আবদুস ছোবহান, সদস্য সচিব, ইনোভেশন টিম ও সিনিয়র সিস্টেমস এনালিস্ট | ০২ দিনের ২টি প্রশিক্ষণের মধ্যে একটি প্রশিক্ষণ সম্পন্ন হয়েছে এবং অন্যটি আয়োজনের জন্য ঢাকার বাইরে যেমনঃ (ক) দ্যা প্যালেস, হবিগঞ্জ (খ) কক্সবাজার ও (গ) গ্রান্ড সুলতানে, মৌলভীবাজারে আয়োজন করা যেতে পারে। এই প্রশিক্ষণের সাথে নিকটবর্তী এলাকায় শিক্ষা সফরও সংযোজন করতে হবে। |
| ১০ | উদ্ভাবন সক্ষমতা বৃদ্ধির লক্ষ্যে ০৫ দিনের প্রশিক্ষণ আয়োজন | মোঃ আবদুস ছোবহান, সদস্য সচিব, ইনোভেশন টিম ও সিনিয়র সিস্টেমস এনালিস্ট | A2i/মন্ত্রিপরিষদ বিভাগের সাথে পরামর্শ করে ইআরডি'র ক্যাম্পাসে আয়োজনের ব্যবস্থা নিতে হবে। |
| ১১ | উদ্ভাবন কার্যক্রমের সঙ্গে সম্পৃক্ত কর্মকর্তাগণের বিদেশ সফর | মিজ সুলতানা আফরোজ, চিফ ইনোভেশন অফিসার ও অতিরিক্ত সচিব | 'ইনোভেশন ফান্ড সার্চ কমিটি' থেকে একটি প্রতিবেদন পাওয়া গেছে। ইনোভেশনের ফান্ড প্রাপ্তির লক্ষ্যে Concept Note তৈরির জন্য ফান্ড সার্চ কমিটিকেই দায়িত্ব দিতে হবে। |
| ১২ | উদ্ভাবনী উদ্যোগের পাইলটিং | মিজ সুলতানা আফরোজ, চিফ ইনোভেশন অফিসার ও অতিরিক্ত সচিব | উদ্ভাবন কার্যক্রম চূড়ান্ত হওয়ার পর উপযোগিতার নিরিখে পাইলটিং করতে হবে। |
| ১৩ | ইনোভেশন শোকেসিং | মিজ সুলতানা আফরোজ, চিফ ইনোভেশন অফিসার ও অতিরিক্ত সচিব | উদ্ভাবন কার্যক্রম চূড়ান্ত হওয়ার পর উপযোগিতার নিরিখে শোকেসিং করতে হবে। |
| ১৪ | মেন্টর-মেন্টি নির্বাচন ও তালিকা প্রস্তুত এবং দুই দিনের মেন্টিরিং কর্মশালা আয়োজন | মিজ সুলতানা আফরোজ, চিফ ইনোভেশন অফিসার ও অতিরিক্ত সচিব | ফেব্রুয়ারি/২০১৮ মাসের মধ্যে মেন্টর-মেন্টি নির্বাচন করতঃ চূড়ান্ত প্রস্তাব দিতে হবে। |
| ১৫ | উদ্ভাবকদের প্রশংসাসূচক উপ- | জাহিদ হোসেন মুন্সী, যুগ্মসচিব, প্রশাসন অধিশাখা | কর্মশালা ও প্রশিক্ষণ শেষে সনদ প্রদান করা হবে |

| ক্র.ন. | আলোচনার বিষয় | দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (যে কর্মকর্তার নেতৃত্বে সম্পাদিত হবে তাঁর নাম ও পদবি) | বর্তমান অবস্থা ও সিদ্ধান্তসমূহ |
|---|---|---|---|
| | আনুষ্ঠানিক পত্র/সনদপত্র/ ক্রেস্ট/পুরস্কার প্রদান | | |
| ১৬ | উদ্ভাবকগণের দেশে শিক্ষা সফর/প্রশিক্ষণ/ নলেজ শেয়ারিং প্রোগ্রামে প্রেরণ | মিজ সুলতানা আফরোজ, চিফ ইনোভেশন অফিসার ও অতিরিক্ত সচিব | এ বিভাগের কর্মকর্তাদের জন্য দেশের অভ্যন্তরে শিক্ষা সফরের ব্যবস্থা করতে হবে। |
| ১৭ | উদ্ভাবকগণের বিদেশে শিক্ষা সফর/প্রশিক্ষণ/ নলেজ শেয়ারিং প্রোগ্রামে প্রেরণ | মোঃ শামসুল আলম, অতিরিক্ত সচিব, অনুবিভাগ প্রধান (প্রশাসন ও মধ্যপ্রাচ্য) | মূল্যায়ন কার্যক্রম শেষে উদ্ভাবকদের বিদেশে প্রশিক্ষণ কার্যক্রমে অন্তর্ভুক্ত করা হবে। |
| ১৮ | সংশ্লিষ্ট প্রতিষ্ঠান/ অংশীজন চিহ্নিত ও তাদের সঙ্গে সমঝোতা স্মারক স্বাক্ষর | মিজ সুলতানা আফরোজ, চিফ ইনোভেশন অফিসার ও অতিরিক্ত সচিব | GIU কিংবা অন্য প্রতিষ্ঠানের এর সাথে MOU করার প্রস্তাব বিবেচনা করা হবে। |

২। সভায় আর কোন সিদ্ধান্ত না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভা শেষ করেন।

সুলতানা আফরোজ
চিফ ইনোভেশন অফিসার ও
অতিরিক্ত সচিব
অর্থনৈতিক সম্পর্ক বিভাগ

স্মারক নম্বরঃ০৯.০০.০০০০.২৫৩.১৬.০০৩১৭.২৩ তারিখঃ ০৪ ফেব্রুয়ারি ২০১৯

বিতরণঃ (জেষ্ঠ্যতার ভিত্তিতে নয়)

১) ইনোভেশন টিম, অর্থনৈতিক সম্পর্ক বিভাগ।
২) সচিবের একান্ত সচিব, অর্থনৈতিক সম্পর্ক বিভাগ
৩) প্রশাসন ও মধ্যপ্রাচ্য অনুবিভাগ প্রধানের ব্যক্তিগত কর্মকর্তা
৪) জাতিসংঘ অনুবিভাগ প্রধানের ব্যক্তিগত কর্মকর্তা
৫) অফিস কপি।